আপনার সমস্যা পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
শিক্ষা বিভাগ

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

অফিস আদেশ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ইমারাতুন্নেসা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম) মোহাম্মদ মহিউদ্দিন নূরী এর ১১/০৪/২০১৮ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পবিত্র ওমরা হজ্ব পালনের লক্ষ্যে বহিঃ বাংলাদেশ (সৌদিআরব) গমনের উদ্দেশ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে তাঁকে আগামী ০১/০৫/২০১৮ ইং হতে ১৬/০৫/২০১৮ ইং পর্যন্ত ১৫ (পনের) দিন অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন ছুটি মঞ্জুরসহ বহিঃ বাংলাদেশ (সৌদিআরব) গমনের অনুমতি প্রদান করা হলো।

শর্তাদি নিম্নরূপ

ক) সৌদিআরব গমনের যাবতীয় ব্যয়ভার তিনি নিজেই বহন করবেন।
এতে কর্পোরেশনের কোন আর্থিক সংশ্লেষ থাকবেনা।

খ) অনুমোদিত সময়কালের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

গ) বিদেশে অবস্থানকালে তিনি বেতন ভাতাদি দেশী মুদ্রায় গ্রহণ করবেন।

(নাজিয়া শিরিন)
উপ-সচিব
প্রধান শিক্ষা কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ফোন ঃ ০৩১-৬১৫২২০

স্মারক নং ঃ ৪৫.১১.১৬০০.০০৪.০৮.৮১.০৭২৬১(৯) তারিখ ঃ ০৫/০৫/২০১৮

অনুলিপি ঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২। সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৩। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৫। প্রধান শিক্ষিকা, ইমারাতুন্নেসা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়।
৬। জনাব মোহাম্মদ মহিউদ্দিন নূরী, সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম), ইমারাতুন্নেসা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়।
৭। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৮। আইটি অফিসার, সার্ভার রুম, সচিবালয় বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৯। অফিস কপি।

প্রধান শিক্ষা কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন